ফেরি উদ্ধারে অবশেষে পৌঁছাল রুস্তম

মানিকগঞ্জের শিবালয় উপজেলার পাটুরিয়া ঘাটে রো রো ফেরি আমানত শাহডুবির ঘটনায় চার দিনের মাথায় বিআইডব্লিউটিএ’র আরও একটি উদ্ধারকারী জাহাজ রুস্তম যোগ দিয়েছে।

শনিবার সকাল পৌনে ১০ টার দিকে ডুবে যাওয়া ফেরি তুলতে শিমুলিয়াঘাট থেকে বিআইডব্লিউটিএর নিজস্ব উদ্ধারকারী জাহাজ রুস্তম পাটুরিয়া ফেরিঘাটে এসে পৌঁছেছে।

বিআইডব্লিটিএর নৌ সংরক্ষণ ও পরিচালন বিভাগের পরিচালক মো. শাজাহান এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি বলেন, যেহেতু ডুবে যাওয়া যানবাহনের মধ্যে আরও দুটি পণ্যবোঝাই ট্রাক রয়েছে। এ দুটিও খুব দ্রুত সময়ের মধ্যে তোলা হবে। যানবাহনগুলোকে তোলার পর ফেরি তোলার প্রক্রিয়া শুরু হবে। সে জন্য উদ্ধারকারী জাহাজ রুস্তমকে আনা হয়েছে।

ডুবে যাওয়া ফেরি এক চুলও নড়াতে পারেনি হামজা!

২৪ ঘণ্টার বেশি সময় পার হলেও পাটুরিয়ার ৫নং ঘাটে যানবাহনসহ উল্টে যাওয়া রো-রো ফেরি ‘আমানত শাহকে’ চুল পরিমাণ সরাতে পারেনি উদ্ধারকারী জাহাজ হামজা।

বৃহস্পতিবার সকাল সোয়া ৮টার দিকে দ্বিতীয় দিনের মতো অভিযান শুরু করেছে জাহাজ হামজা। এখন চলছে ভেতরে আটকাপড়া ট্রাক উদ্ধার কার্যক্রম।

এদিকে উদ্ধারকারী জাহাজ প্রত্যয় ১৪১ মিটার নদী পথ উজান টপকিয়ে চাঁদপুর থেকে বুধবার রওয়া দিলেও কখন পাটুরিয়ায় পৌঁছবে তা এখনও

নিশ্চিত করে বলতে পারছেন না সংশ্লিষ্টরা।

সকাল ৭টায় উদ্ধারকাজ শুরুর কথা থাকলেও সোয়া ৮টায় উদ্ধারকারী জাহাজ হামজা দ্বিতীয় দিনের অভিযানে যুক্ত হয় বলে জানিয়েছে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহণ করপোরেশন (বিআইডব্লিউটিসির) ডেপুটি জেনারেল ম্যানেজার জিল্লুর রহমান।

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহণ কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) নৌসংরক্ষণ ও পরিচালন বিভাগের পরিচালক মো. শাজাহান বলেন, চাঁদপুর থেকে উদ্ধারকারী জাহাজ প্রত্যয় পাটুরিয়া ফেরিঘাটের পথে রয়েছে।

ওই কর্মকর্তা বলেন, দুর্ঘটনাকবলিত রো-রো ফেরি আমানত শাহর যে ওজন, তাতে দুটি জাহাজসমেত চেষ্টা করেও সফল হওয়া নিয়ে সংশয় প্রকাশ করেন তিনি। প্রত্যয় পাটুরিয়ায় আসার পর পরই দুর্ঘটনাকবলিত ফেরিটি উদ্ধার করার কাজ শুরু করা যাবে।

হাজমা শুধু ফেরির ভেতরে আটকে থাকা ট্রাকগুলো উদ্ধারে কাজ করছে বলে জানান তিনি।

নৌকার প্রার্থী বাছাইয়ে ভোটের আগেই আরেক ভোট

ব্যাচ ঝুলিয়ে, হাতে ভোটার স্লিপ ও জাতীয় পরিচয়পত্র নিয়ে উপস্থিত হয়েছেন ভোটাররা। ভোটার তালিকা নিয়ে বসে আছেন দায়িত্বপ্রাপ্তরা। তাদের পেছনে রাখা স্বচ্ছ ব্যালট। তবে এ ভোট নির্বাচন কমিশন ঘোষিত কোনো ভোট নয়।

আসন্ন তৃতীয় ধাপের ইউনিয়ন পরিষদ নির্বাচনে বাঞ্ছারামপুর উপজেলার পাহাড়ীকান্দি ইউনিয়ন পরিষদে আওয়ামী লীগের দলীয় প্রার্থী তালিকা চূড়ান্ত করতেই এই আয়োজন। এ যেন ভোটের আগেই আরেক ভোট।

বুধবার সকালে উপজেলার ক্যাপ্টেন এবি তাজুল ইসলাম অডিটোরিয়াম হলরুমে এই ভোটের আয়োজন করা হয়। বাহিরে তখনো উৎসবের আমেজ। চলছে

ভোট প্রার্থনা। নৌকা মনোনয়ন প্রত্যাশীরাও কাউন্সিলরদের কাছে বিনয়ের সঙ্গে ভোট প্রার্থনা করছেন। এ এক ভিন্ন আমেজ।

ভোট গ্রহনের জন্য অন্য ইউনিয়ন থেকে আনা হয়েছে প্রিজাইডিং অফিসার। প্রার্থীদের ছবিযুক্ত তালিকাও করা হয়েছে। সেই সঙ্গে প্রতিটি ওয়ার্ডের ভোটারদেরও তালিকা করা হয়েছে ছবিযুক্ত।
আইন শৃঙ্খলা বজায় রাখতে র্যাব-পুলিশ মোতায়েনও করা হয়েছে। লাইনে দাড়িয়ে ভোটাররা আগামী দিনে কে হবেন নৌকার চেয়ারম্যান তা বাছাই করছেন।

সকাল সাড়ে ১০টায় এ ব্যতিক্রমী ভোটের উদ্বোধন করেন ব্রাহ্মণবাড়িয়া-৬ আসনের সংসদ সদস্য, ক্যাপ্টেন (অব.) এবি তাজুল ইসলাম। প্রার্থী বাছাইয়ের জন্য তিনদিন ব্যাপী কর্মসূচি নেওয়া হয়েছে।
ভোটের আগেই ভোট এই প্রক্রিয়ার মাধ্যমে তিনজন প্রার্থীর নাম পাঠানো হবে কেন্দ্রে। তৃণমূল নেতাকর্মীদের মূল্যায়ন ও গণতান্ত্রিক চর্চা পৌঁছে দিতেই এ আয়োজন।

বুধবার উপজেলার তিনটি ইউনিয়নের প্রার্থী চূড়ান্ত করা হয়। এগুলো হলো পাহাড়ীকান্দি, বাঞ্ছারামপুর সদর ও দরিকান্দি।

উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান সিরাজুল ইসলাম বলেন, স্থানীয় সরকার নির্বাচনে প্রার্থী মনোনয়নে নতুন মডেল সৃষ্টি করতেই স্থানীয় এমপি ক্যাপ্টেন এবি তাজুল ইসলাম ব্যক্তিক্রম এ পদ্ধতি বেছে নিয়েছেন। এতে তৃণমূল নেতাকর্মীরা তাদের মতামত দিয়ে আগামী দিনের নৌকার কাণ্ডারি মনোনীত করবেন।

উদ্বোধনী ভাষনে ব্রাহ্মণবাড়িয়া-৬ আসনের সংসদ সদস্য ক্যাপ্টেন (অব.) এবি তাজুল ইসলাম বলেন, তৃণমূলে গণতন্ত্র সুসংগঠিত করতে এই পদ্ধতি বেছে নেওয়া হয়েছে। আওয়ামী লীগ একটি গণতান্ত্রিক দল সেটাই প্রমাণ। শুধু ইউনিয়ন পরিষদই নয়, পর্যায়ক্রমে সব নির্বাচনে এমন পদ্ধতি প্রয়োগ করা হবে। তৃণমূল নেতাকর্মীই আওয়ামী লীগের প্রাণ। আজকে আমি এমপি আপনাদের কারনেই। আজকে যারা ডায়াসে বসে আছেন তাদের এখানে বসার ব্যবস্থা করে দিয়েছেন আপনারা। কাজেই নেতাকর্মীদের মূল্যায়ন করতে হবে।

ভোটের ফলাফল মেনে নেওয়ার আহ্বান জানিয়ে তিনি বলেন, মনে রাখবেন, এই ফলাফলই মনোনয়নের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নয়। চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন আমাদের নেত্রী বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনা।

বিভিন্ন জরিপের ভিত্তিতে তিনি প্রার্থী চূড়ান্ত করবেন। তবে আমাদের নেত্রী তৃণমূলের মতামতকে গুরুত্ব দিয়ে থাকেন।

তিনি বলেন, যারা বিজয়ী হবেন তারা অতি উৎসাহি হয়ে অন্যদের সম্মানের প্রতি আঘাত করবেন না। আর যারা জিততে পারবেন না, তারা এ ফলাফল মানবেন না, বিশৃঙ্খলা করবেন সেটাও মেনে হবে না। যারা নৈরাজ্য করবেন তাদের বিরুদ্ধে আমরা কঠোর হবো।

এ সময় উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নুরুল ইসলাম, ভাইস চেয়ারম্যান সাইদুল ইসলাম ভাইয়া বকুল, মহিলা ভাইস চেয়ারম্যান জলি আমির, জেলা আওয়ামী লীগের সদস্য আমিনুল ইসলাম তুষার, পৌর মেয়র তফাজ্জল হোসেন, উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক কাজী জাদিদ আল রহমান জনি, উপজেলা স্বেচ্চাসেবক লীগের সভাপতি মাহমুদুল হাসান ভূইয়া প্রমুখ উপস্থিত ছিলেন।

তিস্তার পানি প্রবাহিত হচ্ছে বিপদসীমার ওপর দিয়ে

উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলে তিস্তা নদীর পানি বিপদসীমার ৬০ সে.মি. ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে।

মঙ্গলবার মধ্যরাত থেকে তিস্তা নদীর পানি বাড়তে শুরু করে। এরপর বুধবার ভোর ৬টায় নীলফামারীর ডালিয়া তিস্তা ব্যারেজ পয়েন্টে বিপদসীমার ৬০ সেন্টিমিটার উপর দিয়ে প্রবাহিত হয়েছে তিস্তার পানি। হঠাৎ নদীর পানি বেড়ে যাওয়ায় তিস্তাপাড়ের মানুষজনের মধ্যে চরম আতঙ্ক বিরাজ করছে।

নীলফামারীর ডালিয়া পানি উন্নয়ন বোর্ডের পানি পরিমাপক নূরুল ইসলাম জানান, উজানের পাহাড়ি ঢলে মঙ্গলবার রাত থেকে তিস্তা নদীর পানি বাড়তে থাকে। বুধবার ভোর ৬টা থেকে তিস্তার পানি ৫৩ দশমিক ২০ সেন্টিমিটার অর্থাৎ বিপদসীমার ৬০ সেন্টিমিটার (বিপদসীমা ৫২ দশমিক ৬০ সেন্টিমিটার) ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। পানির গতি নিয়ন্ত্রণে রাখতে তিস্তা ব্যারেজের ৪৪টি গেট খুলে রাখা হয়েছে।

তিস্তার পানি বৃদ্ধি পাওয়ায় নীলফামারীর ডিমলা উপজেলার পূর্বছাতনাই, টেপাখড়িবাড়ী, খগাখড়িবাড়ী, খালিশা চাপানি, ঝুনাগাছ চাপানি ও গয়াবাড়ী ইউনিয়নের ১৫টি চর প্লাবিত হয়েছে বলে জানিয়েছেন সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যানরা।এ ছাড়া অনেক এলাকার ফসলি জমি তলিয়ে গেছে বলেও খবর পাওয়া গেছে।

পানি উন্নয়ন বোর্ড নীলফামারীর ডালিয়া ডিভিশনের নির্বাহী প্রকৌশলী মো. আসফাউদ দৌলা জানান, উজানের ঢলে তিস্তা নদীর পানি অস্বাভাবিক ভাবে বেড়ে যাওয়ায় ব্যারেজের ৪৪টি গেট খুলে দিয়ে পানি নিয়ন্ত্রণের চেষ্টা করা হচ্ছে।

টাইটানিকের ওপর পূজা!

দি টাইটানিক’-এর ওপর দাঁড়িয়ে পূজায় ভক্তি অর্ঘ্য অর্পণ করলেন সাতক্ষীরার দেবহাটার পারুলিয়া গ্রামের সনাতন ধর্মাবলম্বীরা।

সাতক্ষীরার দেবহাটা উপজেলার পারুলিয়া ইউনিয়নের দক্ষিণ পারুলিয়া গ্রামে পূজামণ্ডপ গড়ে উঠেছে ডুবে যাওয়া ‘দি টাইটানিক’-এর উপর। ১২০ ফুট দৈর্ঘ্যের ও ৬০ ফুট উচ্চতার কাষ্ঠ নির্মিত সুদৃশ্য কাপড়ের বেষ্টনীঘেরা টাইটানিকের একপাশে স্থাপিত হয়েছে দেবীদুর্গা প্রতিমা। প্রতি দিন শত শত নারী ও পুরুষ দর্শনার্থী ভক্তরা দেখতে আসছেন ব্যতিক্রমী ধাঁচের এই প্রতিমা।

দক্ষিণ পারুলিয়া পূজামণ্ডপের সাধারণ সম্পাদক দিলীপ সরকার জানান, আমরা প্রতি বছর বিভিন্ন আদলে প্রতিমা তৈরি করে থাকি। এর আগে হেলিকপ্টারের উপর প্রতিমা ও তার আগে পাহাড়ের ওপর প্রতিমা তৈরি করে আনন্দ দেওয়ার চেষ্টা করেছি।

একই পরিবারের ৩ জনকে গলা কেটে হত্যা

চট্টগ্রামের মিরসরাই উপজেলায় একই পরিবারের তিনজনকে গলা কেটে হত্যা করেছে দুর্বৃত্তরা।

বুধবার গভীর রাতে উপজেলার জোড়াগঞ্জ ইউনিয়নের সোনাপাহাড় গ্রামে এ ঘটনা ঘটে।

নিহতরা হলেন— বাবা একই এলাকার মোস্তফা (৫৮), তার স্ত্রী জ্যোৎস্না বেগম (৫০) ও ছেলে আহমদ হোসেন (২২)।

এ ঘটনায় নিহত মোস্তফার আরেক ছেলে সাদ্দামকে (২৬) আটক করে জিজ্ঞাসাবাদ করছে পুলিশ।

স্থানীয়রা জানান, বৃহস্পতিবার ভোরে বাবা-মা ও ছেলের গলাকাটা মরদেহ দেখে পুলিশে খবর দেন।

জোড়াগঞ্জ থানার ওসি নুর হোসেন মামুন জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। নিহতদের মরদেহ উদ্ধার করে থানায় আনা হবে।

তবে তাদের কেন হত্যা করা হয়েছে তা এখনও জানা যায়নি।

বাদ আসর ‘দাদু ভাইয়ের’ জানাজা, দাফন বুদ্ধিজীবী কবরস্থানে

দৈনিক যুগান্তরের ফিচার এডিটর, শিশুসাহিত্যিক ও প্রবীণ সাংবাদিক রফিকুল হক দাদুভাইয়ের প্রথম জানাজা নিজ কর্মস্থলে অনুষ্ঠিত হবে।

রোববার বাদ আসর যমুনা ফিউচার পার্ক জামে মসজিদে তার জানাজা পড়াবেন ইমাম ও খতিব মুফতি ইয়াকুব শরীফ। জানাজা শেষে তার মরদেহে শ্রদ্ধা জানাবে যুগান্তর পরিবার।

এরপর যুগান্তর কার্যালয় থেকে তার মরদেহ নেওয়া হবে রাজধানীর বাসাবো মহাসড়ক জামে মসজিদে। সেখানে দ্বিতীয় জানাজা শেষে তাকে মিরপুর বুদ্ধিজীবী কবরস্থানে দাফন করা হবে।

রোববার বেলা পৌনে ১১টার দিকে রাজধানীর মুগদার নিজ বাসায় মারা যান শিশুসাহিত্যিক, ছড়াকার, শিশু সংগঠক, নাট্যকার রফিকুল হক দাদুভাই। তার বয়স হয়েছিল ৮৫ বছর।

রফিকুল হক বাধ্যর্কজনিত নানা জটিলতায় ভুগছিলেন। গত বছর পর পর দুবার করোনাভাইরাসে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ছিলেন তিনি।

সুস্থ হয়ে কর্মস্থল যুগান্তরে যোগ দিলেও বার্ধক্যসহ নানা জটিলতায় প্রায় ছয় মাস আগে মুগদার বাসায় পুরোপুরি শয্যাশায়ী হয়ে পড়েন তিনি। মৃত্যুর আগে তিনি স্ট্রোক করেন।

রফিকুল হকের জন্ম ১৯৩৭ সালের ৮ জানুয়ারি। তার গ্রামের বাড়ি রংপুরের কামালকাচনায়। তার দুই ছেলে এক মেয়ে। বড় ছেলে দেশের বাইরে থাকেন।

ভাসমান সেই মসজিদে জুমার নামাজ

হাওলাদারবাড়ির পুরনো মসজিদটি খোলপেটুয়া নদীগর্ভে বিলীন হয়ে গেছে। নামাজ আদায়ের মতো সুবিধা এখন আর নেই। আর এই মসজিদটির স্থলে খোলপেটুয়ায় ভাসছে কাঠের তৈরি আরেকটি মসজিদ। এখানেই গ্রামের মুসল্লিরা নামাজ আদায় করছেন। আজ তারা সেখানে পড়লেন জুমার নামাজ।

সাতক্ষীরার আশাশুনি উপজেলার প্রতাপনগর ইউনিয়ন। ভয়াল সিডর, আইলা, আম্পান এবং সর্বশেষ ইয়াসের দাপটে কপোতাক্ষ ও খোলপেটুয়ার বেড়িবাঁধ বারবার ভেঙেছে।

প্রতাপনগর ইউপি চেয়ারম্যান জাকির হোসেন জানান, জলাবদ্ধ হয়ে পড়েছেন প্রতাপনগর ইউনিয়নের ২২ গ্রামের ৩৬ হাজার মানুষ। এখানেই ছিল হাওলাদারবাড়ির মসজিদটি। সেই মসজিদটিও হারিয়েছে তার অস্তিত্ব। ভাসমান মসজিদটিতে নামাজ পড়ছেন মুসল্লিরা।

গ্রামবাসী জানান, তারা হাওলাদারবাড়ির মসজিদে দীর্ঘদিন ধরে নামাজ পড়ে আসছিলেন। কিন্তু ইয়াসের থাবায় খোলপেটুয়ার পেটে মসজিদটি বিলীন হয়ে যায়। বিলীন হওয়ার আগে মসজিদের ইমাম হাফেজ মঈনুর রহমান ও তারা নোনাপানিতে সাঁতার কেটে ডুবন্তপ্রায় মসজিদে নামাজ পড়ছিলেন। ফেসবুক ও মিডিয়ার মাধ্যমে এ খবর পৌঁছায় সারাদেশে। এতে সাড়া দেয় চট্টগ্রামের একটি প্রতিষ্ঠান।

মসজিদের ইমাম মঈনুর রহমান জানান, চট্টগ্রামের শামসুল হক ফাউন্ডেশনের প্রকৌশলী মো. নাসিরউদ্দিন নিজে এসে এখানে একটি ভাসমান মসজিদ তৈরি করে দিয়েছেন। এর নাম আলহাজ শামসুল হক মসজিদে নুহ (আ.)।

আটটি বড় আকারের ড্রামের ওপর মসজিদটি দণ্ডায়মান একটি ৬০ ফুট লম্বা ও ১৫ ফুট প্রস্থের নৌকার ওপর। অজুখানা ও সৌরবিদ্যুৎ সংযোগসহ সব ধরনের সুবিধাও রয়েছে এখানে।

হাওলাদারবাড়ি এলাকার ২৫টি পরিবারসহ আশপাশের এলাকা থেকে আসা মুসল্লিরা এখানে নামাজ পড়ছেন গত মঙ্গলবার থেকে। প্রায় ৬০ জনের ধারণক্ষমতাসম্পন্ন মসজিদে আজ শুক্রবার জুমার নামাজে অংশ নেন তারা।

ইমাম জানান, গ্রামবাসী ভাসমান মসজিদটি পেয়ে খুবই খুশি। তাদের কষ্টের লাঘব হয়েছে। তিনি জানান, মসজিদ কমিটির সভাপতি মৌলভী এবাদুল সানা, সেক্রেটারি আবদুর রাজ্জাক এর উন্নয়নকাজ করে যাচ্ছেন।

আই কুইট ফর এভার’ লিখে আত্মহত্যা করলেন বেরোবির ছাত্র

রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী তানভীর আলম তুষারের ঝুলন্ত লাশ উদ্ধার করেছে পুলিশ। বৃহস্পতিবার বেলা সাড়ে

৩টার দিকে নগরীর হারাগাছ রোড সাহেবগঞ্জ এলাকার বাড়ি থেকে তার লাশ উদ্ধার করা হয়।

তানভীর আলম তুষার ওই এলাকার ব্যবসায়ী মোহসীন আলীর ছেলে ও রোকেয়া বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের স্নাতকোত্তর (মাস্টার্স) শেষ বর্ষের শিক্ষার্থী ছিলেন।

এদিকে আত্মহত্যার আগে বুধবার দিবাগত রাত ২টার দিকে নিজের ফেসবুক আইডিতে ‘আই কুইট ফর এভার’ লিখে একটি স্ট্যাটাসও দেন তিনি।

জানা গেছে, বৃহস্পতিবার দুপুরে তানভীরের ঘর থেকে কোনো সাড়া না পেয়ে পরিবারের লোকজন তাকে ডাকাডাকি করতে থাকেন। পরে ঝুলন্ত অবস্থায় তার লাশ দেখে পুলিশকে খবর দেন। খবর পেয়ে পুলিশ এসে ওই শিক্ষার্থীর লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য হাসপাতালের মর্গে পাঠায়।

এদিকে মৃত্যুর আগে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে তুষার একটি স্ট্যাটাসে নিজেকে গুটিয়ে নিয়ে চিরতরে প্রস্থানের ইঙ্গিত দেন। তবে ঠিক কী কারণে তিনি আত্মহত্যা করেছেন তা জানা যায়নি। আত্মহত্যার পূর্বে তুষার হতাশাগ্রস্ত ও দুশ্চিন্তায় ভুগছিলেন বলে ধারণা করা হচ্ছে।

বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের সহকারী অধ্যাপক বেলাল উদ্দীন বলেন, সকালের দিকে বাড়িতে সে আত্মহত্যা করেছে বলে শুনেছি। এখন পর্যন্ত আত্মহত্যার কারণ জানা যায়নি। তুষার খুবই মেধাবী ছাত্র ছিল। তার এভাবে চলে যাওয়া কোনোভাবেই মেনে নিতে পারছি না। আমরা এ ঘটনায় শোকাহত।

তুষারের আত্মহত্যার ব্যাপার নিয়ে কথা বলতে রাজি হননি তার পরিবারের লোকজন। তবে প্রতিবেশীদের দাবি, কয়েক দিন আগে তুষারের সঙ্গে তার পরিবারের ঝগড়া হয়েছিল। সম্প্রতি তার বাবার সঙ্গেও কথাকাটাকাটি হয়েছে।

এ বিষয়ে রংপুর মেট্রোপলিটন পুলিশের হারাগাছ থানার ওসি শওকত আলী সরকার জানান, তাদের কাছে তথ্য রয়েছে প্রতিবেশী ও ঘনিষ্ঠজনরা জানিয়েছে- বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী তুষার করোনাকালীন মোবাইলে টাকা দিয়ে জুয়া খেলায় আসক্ত হয়ে পড়ে। মোবাইলে গেম খেলতে গিয়ে ঋণগ্রস্ত হয়। এ নিয়ে সে মানসিক দুশ্চিন্তায় ভুগছিল।

তিনি বলেন, সংবাদ পেয়ে ঘটনাস্থল থেকে লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল মর্গে পাঠিয়েছি। তবে এখনো আত্মহত্যার প্রকৃত কারণ জানা যায়নি। ঘটনাটি খতিয়ে দেখা হচ্ছে।

জলবায়ু ক্ষতিগ্রস্তদের মানবাধিকারভিত্তিক পুনর্বাসন দাবি

আমাদের মাছ বেরিয়ে যায়। লবনে সবজি ক্ষেত নষ্ট হয়ে যায়। আমরা খুব কষ্টে আছি। আমরা নোনা পানি থেকে একটু মিষ্টি পানি পেতে পারি তার ব্যবস্থা করুন। দু’বার বাঁধ তৈরি হলেও তা ভেঙে গেছে। আমাদের জন্য মজবুত করে বাঁধ তৈরি করে দিন’- কান্না জড়িত কন্ঠে বলছিলেন মোংলার কানাইনগর গ্রামের গৃহবধু সোনালী সর্দার (৩৫)।

সোনালীর আকুতি, ‘আমরা দরিদ্র, আমরা ক্ষুধার্ত। আমাদের জীবনতো গেছেই, আমাদের সন্তানেরা যেন মানুষের মত বাঁচতে পারে’।

রবিবার (০৩ অক্টোবর) খুলনার মোংলা উপজেলায় পরিদর্শনরত ক্লাইমেট পার্লামেন্ট বাংলাদেশ প্রতিনিধিদলের কাছে দুর্ভোগের কথা তুলে ধরছিলেন সোনালী। চাঁদপাই ইউনিয়নে আয়োজিত নাগরিকদের সাথে জলবায়ু বিষয়ক মতবিনিময় সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ক্লাইমেট পার্লামেন্ট বাংলাদেশের আহবায়ক সংসদ সদস্য নাহিম রাজ্জাক এবং বাসন্তী চাকমা এমপি।

ব্রিটিশ কাউন্সিলের প্রকাশ কর্মসূচির আওতায় এই পরিদর্শন ও ক্লাইমেট টক কার্যক্রমে সহায়তা প্রদান করছে প্রতীকি যুব সংসদ, ইয়ুথনেট ফর ক্লাইমেট জাস্টিস এবং আর্থ সোসাইটি।

মোংলা উপজেলা নির্বাহী অফিসার কমলেশ মজুমদার, ইউপি চেয়ারম্যান মোল্লা তারিকুল ইসলামসহ স্থানীয়রা জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাবের কথা তুলে ধরেন। তারা টেকসই বেড়িবাঁধ এবং সুপেয় পানির দাবি জানান।

ক্লাইমেট পার্লামেন্ট বাংলাদেশের আহবায়ক নাহিম রাজ্জাক এমপি জানিয়েছেন ক্ষতিগ্রস্ত এলাকার মানুষের কথা জাতীয় সংসদসহ আসন্ন জাতিসংঘ জলবায়ু সম্মেলনে (Kc২৬) তুলে ধরা হবে। জলবায়ু ক্ষতিগ্রস্তদের জন্য সুবিচার আদায়ে কাজ করে যাওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন সংসদ সদস্য বাসন্তী চাকমা-ও।

এ সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন দ্য আর্থ সোসাইটির নির্বাহী পরিচালক মোহাম্মদ মামুন মিয়া, প্রতীকি যুব সংসদের চেয়ারপার্সন আমিনুল ইসলাম, নির্বাহী প্রধান ও ইয়ুথনেট ফর ক্লাইমেট জাস্টিসের সমন্বয়ক সোহানুর রহমান, প্রকল্প সমন্বয়কারী ময়ূরী আক্তার টুম্পা।